দৈনিক সংবাদ

তারিখ ... ৯।৯।৯১ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

৪৩

৯/

## কৃষি কলেজ এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ

দেশের মোট তিনটি কৃষি কলেজের প্রতিটির দায়িত্বে রয়েছেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ। ভারপ্রাপ্তরা যেহেতু স্থায়ী নয় তাই তাদের দ্বারা কোন উন্নয়নমূলক কিংবা কোন গঠনমূলক কাজ নিষ্ঠা এবং একাগ্রচিত্তে না হওয়াটাই স্বাভাবিক। স্থায়ী অধ্যক্ষ না থাকায় প্রশাসনিক কাজে মারাত্মক জটিলতার সৃষ্টি হচ্ছে। কলেজ তিনটিতে দীর্ঘদিন থেকে ভারপ্রাপ্তদের দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে এবং এমন কতকগুলো শিক্ষকদের নিয়োগ করা হয় যারা প্রশাসনিক কাজে আদৌ উপযুক্ত নয় বরং ঐ সকল শিক্ষকদের নিয়োগের ফলে প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হয়।

কিছুদিন পূর্বে কলেজগুলোতে স্থায়ী অধ্যক্ষ পদ পূরণের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছিল কিন্তু অজ্ঞাত-কারণে আজ পর্যন্ত নিয়োগ দেয়া হয়নি। তাই বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট-এর মহাপরিচালকের এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ শাফায়েত হোসেন (শাফু)
কৃষি কলেজ, পটুয়াখালী।